নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-৬৮

তারিখ: ১০ মাঘ ১৪৩২
২৪ জানুয়ারি ২০২৬

## পরিপত্র-১৫

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে ভোটকেন্দ্রে ভোটগ্রহণের জন্য কক্ষ ব্যবস্থাপনা, ভোটার তালিকা, ব্যালট পেপার, বিভিন্ন সিল ও স্বচ্ছ ব্যালট বাক্সের ব্যবহার, ভোটগ্রহণের দিন ভোটকেন্দ্রের ৪০০ গজের মধ্যে ক্যাম্প স্থাপন, প্রচার-প্রচারণা ও ভোটারদের ভোটকেন্দ্রে আনয়নের জন্য যানবাহন ব্যবহার না করা।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে, নির্বাচন পরিচালনার জন্য ভোটগ্রহণের দিন ভোটকেন্দ্র সংশ্লিষ্ট কতিপয় নির্বাচনি দ্রব্যাদি ব্যবহারের ক্ষেত্রে সুস্পষ্ট কিছু নির্দেশনা অনুসরণ করতে হবে। এ পরিপত্রে উল্লিখিত নির্দেশনাসমূহ প্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করতে হবে।

**২। ভোট প্রদানের জন্য গোপন কক্ষ (মার্কিং প্লেস) স্থাপন:** ভোটারদের গোপনীয়তার সাথে স্বাধীনভাবে ভোট প্রদানের সুযোগ নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি ভোটকেন্দ্রে নির্ধারিত কক্ষ অনুযায়ী গোপন কক্ষ (মার্কিং প্লেস) নির্মাণ বা স্থাপন করতে হবে। গোপন কক্ষ এমনভাবে নির্মিত হবে যেন ভোট প্রদানকালে ভোটারের পছন্দ সম্পূর্ণরূপে গোপন থাকে এবং কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষ তা প্রত্যক্ষ করতে না পারে। কক্ষসমূহ পরিষ্কার, আলোকসজ্জিত ও নিরাপদ হতে হবে এবং ভোটারগণ যাতে সহজে প্রবেশ করে ভোট প্রদান করত: বাহির হয়ে যেতে পারেন- এরকম ব্যবহার উপযোগী করে স্থাপন করতে হবে। নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী গোপন কক্ষের আশে পাশে জানালা থাকলে তা সম্পূর্ণ বন্ধ করে দিতে হবে অথবা গোপন কক্ষের (মার্কিং প্লেস) আশেপাশের দেয়াল, বেড়া, বেষ্টনী ভাঙ্গা বা উন্মুক্ত থাকলে তা এমনভাবে বন্ধ করে দিতে হবে, যাতে কেউ ভোটদানের সময় কোনক্রমেই দেখতে বা ইঙ্গিত করার সুযোগ না পায়।

**৩। গোপনকক্ষ (মার্কিং প্লেস) বৃদ্ধিকরণঃ** ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট একই দিনে অনুষ্ঠিত হবে এবং প্রত্যেক ভোটারকে ০২ (দুই) টি ব্যালটে ভোট প্রদান করতে হবে। ভোটারদের ভোট প্রদানের সুবিধার্থে প্রতি ভোটকক্ষের সাথে (যতদূর সম্ভব) ০২ (দুই) টি গোপনকক্ষ (মার্কিং প্লেস) স্থাপন করতে হবে। যেসকল ভোটকেন্দ্রে অতিরিক্ত গোপনকক্ষ (মার্কিং প্লেস) স্থাপন করা সম্ভব হবে না, সেসকল ভোটকেন্দ্রে অতিরিক্ত ভোটকক্ষ স্থাপন করত: ভোটারদের ভোট প্রদানের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে নির্বাচন সহায়তা-৩ শাখা হতে ০৮ ডিসেম্বর, ২০২৫ তারিখে জারিকৃত ১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৮৬৪ স্মারকের পত্রের নির্দেশনা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে **(সংলগ্নী-১)**।

**৪। ভোটকক্ষ এবং ভোট গণনার স্থানে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখাঃ** ভোটগ্রহণ ও ভোট গণনার কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও নির্ভুলভাবে সম্পন্ন করার লক্ষ্যে ভোটকক্ষ এবং ভোট গণনার স্থানে পর্যাপ্ত আলোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ভোটার কর্তৃক ব্যালট পেপারে সঠিকভাবে ভোট প্রদান, ব্যালট বাক্সে ব্যালট রাখা, ব্যালট পেপার যাচাই ও গণনার প্রতিটি ধাপ নির্ভুলভাবে সম্পাদনের জন্য আলোর স্বল্পতা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এ বিষয়ে সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে পূর্ব থেকেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বিদ্যুৎ বিভ্রাটের সম্ভাবনা বিবেচনায় রেখে বিকল্প আলোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

**৫। নির্বাচনি ক্যাম্প স্থাপনঃ** ভোটকেন্দ্রের ৪০০ গজ ব্যাসার্ধের মধ্যে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তার পক্ষে অন্য কেউ নির্বাচনি ক্যাম্প স্থাপন করতে পারবে না।

**৬। ভোটকেন্দ্রের চৌহদ্দীর মধ্যে নির্বাচনি প্রচারণার উদ্দেশ্যে পোস্টার, লিফলেট ইত্যাদি ব্যবহার নিষিদ্ধকরণঃ** ভোটকেন্দ্রের নির্ধারিত ৪০০ গজ চৌহদ্দীর মধ্যে -

(অ) নির্বাচনি প্রচারণার উদ্দেশ্যে পোস্টার, লিফলেট, হ্যান্ডবিল বা উক্তরূপ কোন প্রকার প্রচারপত্র থাকলে তা ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বেই সরিয়ে ফেলতে হবে;

(আ) কেউ যাতে ভোটের জন্য ক্যানভাস করতে না পারেন বা অন্যকে ভোটদানের জন্য উৎসাহিত বা নিরুৎসাহিত করতে না পারেন সেই দিকে কড়া নজর রাখতে হবে।

**৭। ভোটারদের বহনের জন্য প্রার্থীর যানবাহন ব্যবহার না করাঃ** প্রতিদ্বন্দ্বী প্রার্থী, তাদের নির্বাচনি এজেন্ট, পোলিং এজেন্ট এবং সমর্থকগণ যাতে ভোটারদের ভোটকেন্দ্রে আনয়নের জন্য কোন প্রকার যানবাহন ব্যবহার করতে না পারেন অথবা আচরণ বিধিমালার পরিপন্থী কোন কার্যক্রম না করেন সে বিষয়ে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের করণীয় ও বর্জনীয় দিকগুলো উল্লেখ করে সতর্ক করে দিতে হবে। অন্যথায় আচরণ বিধিমালা ভংগের দায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**৮। ভোটচিহ্ন প্রদান সিলমোহরে স্ট্যাম্প প্যাডের কালি লাগাবার পদ্ধতিঃ** যে মার্কিং সিল দ্বারা ব্যালট পেপার চিহ্নিত করতে হবে, সেই মার্কিং সিলে স্ট্যাম্প প্যাডের কালি লাগানোর পর তাতে অধিক কালি লেগেছে কিনা তা ভোটারকে পরীক্ষা করে নিতে পরামর্শ দিবেন। মার্কিং সিলে স্ট্যাম্প প্যাডের কালি অধিক পরিমাণে লাগলে তা প্রথমে কেবলমাত্র সহকারী প্রিজাইডিং অফিসারের সম্মুখে রক্ষিত সাদা বা অব্যবহৃত অন্য কোন কাগজে ছাপ দিয়ে কালির অবস্থা পরীক্ষা করে মার্কিং প্লেসে ব্যালট পেপারের নির্দিষ্ট স্থানে ছাপ দেয়ার জন্য ভোটারকে অবশ্যই পরামর্শ দিতে হবে। স্ট্যাম্প প্যাডটিতে কালির প্রকৃত অবস্থা মাঝে মাঝে সহকারী প্রিজাইডিং অফিসার/পোলিং অফিসার পরীক্ষা করে দেখবেন।

**৯। বিভিন্ন ধরনের সিলের ব্যবহারঃ** ভোটগ্রহণের জন্য রাবারের মার্কিং সিল ও অফিসিয়াল সিল সঠিক ও ব্যবহার উপযোগী কিনা তা পূর্বে ব্যবহার করে যাচাই করে নিশ্চিত হতে হবে।

**১০। ভোটার তালিকা যাচাইকরণঃ** প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচনি মালামাল গ্রহণের সময় নির্ধারিত ভোটকেন্দ্রের ভোটার তালিকা যাচাই পূর্বক গ্রহণ করবেন। প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রে পৌঁছানোর পর ভোটকক্ষ ভিত্তিক ভোটার তালিকা বিভাজন করবেন। বিভাজিত ভোটার তালিকা উক্ত কেন্দ্রের অথবা কক্ষের জন্য প্রযোজ্য কিনা তা সহকারী প্রিজাইডিং অফিসার/পোলিং অফিসারগণ পরীক্ষা-নিরীক্ষা করে দেখবেন।

**১১। ভোটকক্ষে ভোটারদের ক্রমিক নম্বর প্রদর্শনঃ** ভোটারগণ যাতে সহজেই তাদের ভোটকেন্দ্র সনাক্ত করতে পারেন, সেই লক্ষ্যে ভোটকেন্দ্র সম্পর্কে পূর্বেই ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। ভোটগ্রহণের দিন ভোটকক্ষ সনাক্তকরণের সুবিধার্থে ভোটকেন্দ্রের প্রবেশ পথে কক্ষ ভিত্তিক ভোটার এলাকার নাম ও ক্রমিক নম্বরের একটি বিবরণী টাঙ্গিয়ে বা সাঁটিয়ে দিতে হবে।

**১২। স্বচ্ছ ব্যালট বাক্স:** ভোটকেন্দ্রে স্বচ্ছ ব্যালট বাক্স ব্যতীত অন্য কোন প্রকার বাক্স ব্যবহার করা যাবে না। এজন্য একই ধরনের ভিন্ন ভিন্ন নম্বর যুক্ত স্বচ্ছ ব্যালট বাক্স ইত:মধ্যে জেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে। প্রত্যেক ভোটকক্ষের জন্য ১টি করে এবং প্রতিটি ভোটকেন্দ্রের জন্য ১টি অতিরিক্ত হিসেবে ব্যালট বাক্স প্রদানের নির্দেশনা দেয়া হয়েছে। কোন ভোটকক্ষে একই সংগে একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাবে না।

**১৩। ব্যালট বাক্স পূর্ণ হয়ে যাওয়ার পর অন্য একটি ব্যালট বাক্স প্রদানঃ** ভোটগ্রহণ চলাকালীন যদি কোন ভোট কক্ষের ব্যালট বাক্স পূর্ণ হয়ে যায় বা ব্যালট পেপার গ্রহণের জন্য উহা আর ব্যবহার করা না যায়, তখন ভোট গ্রহণের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে প্রিজাইডিং অফিসার সংশ্লিষ্ট সকলকে অবহিত পূর্বক পূর্ণ ব্যালট বাক্সটি পঞ্চম লক দ্বারা সিল করে (লক করে) দিবেন এবং সিল করা ব্যালট বাক্সটি নিরাপদ স্থানে সংরক্ষণ করবেন। অবিলম্বে নতুন ব্যালট বাক্স স্থাপন করে ভোটগ্রহণ কার্যক্রম অব্যাহত রাখবেন। প্রক্রিয়াটি উপস্থিত প্রার্থী বা নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টের উপস্থিতিতে প্রচলিত নির্বাচনী আইন-বিধি অনুসরণ করে সম্পন্ন করবেন।

**১৪। ব্যালট পেপারের অপর পৃষ্ঠায় অফিসিয়াল সিলমোহর ও স্বাক্ষর প্রদানঃ** ভোটারের পরিচয় সনাক্তকরণের পর প্রকৃত ভোটারকে ব্যালট পেপার প্রদানের সময় ব্যালট পেপারের অপর পৃষ্ঠায় গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৩১ এর দফা (২)(ঘ)-এর বিধান অনুসারে ব্যালট পেপারের উল্টা পিঠে অফিসিয়াল সিল দ্বারা ছাপ এবং সহকারী প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর দিয়ে ভোটারকে ব্যালট পেপার হস্তান্তর করতে হবে।

**১৫। ভোটগ্রহণ শুরুঃ** ভোটগ্রহণ নির্ধারিত সময়ে অর্থাৎ **সকাল ৭-৩০** টায় শুরু করতে হবে। কোনক্রমেই বিলম্বে ভোটগ্রহণ শুরু করা যাবে না।

**১৬। সুশৃংখলভাবে ভোটাধিকার প্রয়োগের ব্যবস্থাকরণঃ** ভোটগ্রহণের দিন অপরাহ্নের দিকে বেশী সংখ্যক ভোটার ভোটদানের জন্য জমায়েত হতে পারেন। শেষ মুহূর্তে যাতে এরুপ ভোটারগণ সুশৃংখলভাবে ভোট দিতে পারেন, সেজন্য দায়িত্বপ্রাপ্ত নিরাপত্তা বাহিনীর সদস্যদের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বর্ণিতাবস্থায় সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে উল্লিখিত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চত করতে হবে।

২৪.০১.২৬

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

**বিতরণঃ**

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-৬৮

তারিখ: ১০ মাঘ ১৪৩২ / ২৪ জানুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ...................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭. সচিব, .................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার (সকল)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৫. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)

২০. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২২. পুলিশ সুপার, (সকল)
২৩. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
২৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]
২৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, .........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৭. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, .........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৮. ................................................... সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
৩০. জেলা তথ্য অফিসার, (সকল)
৩১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার,......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
৩৮. অফিসার ইন-চার্জ, (সকল)

(মোহাম্মদ শাহজালাল)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৮৬৪

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে প্রাথমিকভাবে চূড়ান্তকৃত ভোটকেন্দ্রসমূহে গোপনকক্ষ (Marking place) স্থাপন ও ভোটকক্ষ বৃদ্ধি এবং বিদ্যুৎবিহীন ভোটকেন্দ্রের তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ইতোমধ্যে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার কর্তৃক প্রাথমিকভাবে ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত করা হয়েছে। জাতীয় সংসদ নির্বাচনের সঙ্গে একই দিনে গণভোট অনুষ্ঠিত হবে।

০২। প্রাথমিকভাবে চূড়ান্তকৃত ভোটকেন্দ্রসমূহের প্রতিটি ভোটকেন্দ্রের গোপনকক্ষ ও ভোটকক্ষের বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেছেনঃ

(ক) ভোটকেন্দ্রের প্রতিকক্ষে ০২ (দুই)টি করে গোপনকক্ষ স্থাপন;

(খ) যেসকল ভোটকেন্দ্রের প্রতি ভোটকক্ষে ০২(দুই)টি করে গোপনকক্ষ স্থাপন করা সম্ভব হবে না সেসকল ভোটকেন্দ্রে ভোটকক্ষ বৃদ্ধি;

০৩। এছাড়াও যেসকল ভোটকেন্দ্র বিদ্যুৎবিহীন অবস্থায় রয়েছে সেসকল ভোটকেন্দ্রের তথ্য প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উপরোক্ত সিদ্ধান্তসমূহের বিষয়ে প্রয়োজনীয় তথ্য সংযুক্ত 'ছক'-১,২,৩ অনুযায়ী আগামী ১০ ডিসেম্বর ২০২৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হ'ল।

০৮/১২/২০২৫
**(মোঃ রশিদ মিয়া)**
সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-৩)
ফোন- ০২-৫৫০০৭৫৪৬

প্রাপকঃ **সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার**
**.................................. (সকল)।**

নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৮৬৪

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
০১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২. যুগ্মসচিব ..................... (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক .............................. (সকল)।
০৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ................ (সকল)।
০৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৬. উপসচিব ................................. (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৭. উপজেলা নির্বাহী অফিসার ................... (সকল)।
০৮. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।
০৯. মাননীয় নির্বাচন কমিশনার জনাব............এর একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার ..........এর সদয় অবগতির জন্য)।
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা ............................ (সকল)।

**(মোঃ রশিদ মিয়া)**
সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-৩)

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

'ছক-১'

| ক্রমিক নম্বর | জেলার নাম | নির্বাচনি এলাকার নম্বর ও নাম | যেসকল ভোটকেন্দ্রে গোপনকক্ষ বাড়ানো যাবে তার বিবরণ | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ভোটকেন্দ্রের নাম | ভোটার সংখ্যা | | | | ভোটকক্ষের সংখ্যা | কতটি গোপনকক্ষ বাড়ানো যাবে | ভোটকেন্দ্রের ধরণ (পুরুষ/ মহিলা/ উভয়) | |
| | | | | পুরুষ | মহিলা | হিজড়া | মোট | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫(ক) | ৫(খ) | ৫(গ) | ৫(ঘ) (ক+খ+গ) | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | | | | |

'ছক-২'

| ক্রমিক নম্বর | জেলার নাম | নির্বাচনি এলাকার নম্বর ও নাম | যেসকল ভোটকেন্দ্রে গোপনকক্ষ বাড়ানো যাবেনা। কিন্তু ভোটকক্ষ বাড়ানো যাবে তার বিবরণ | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ভোটকেন্দ্রের নাম | ভোটার সংখ্যা | | | | ভোটকক্ষের সংখ্যা | বৃদ্ধি করা ভোটকক্ষের সংখ্যা | ভোটকেন্দ্রের ধরণ (পুরুষ/ মহিলা/ উভয়) | |
| | | | | পুরুষ | মহিলা | হিজড়া | মোট | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫(ক) | ৫(খ) | ৫(গ) | ৫(ঘ) (ক+খ+গ) | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | | | | |

'ছক-৩'

| ক্রমিক নম্বর | জেলার নাম | নির্বাচনি এলাকার নম্বর ও নাম | বিদ্যুৎবিহীন ভোটকেন্দ্রের নাম | ভোটার সংখ্যা | | | | ভোটকেন্দ্রের ধরণ (পুরুষ/ মহিলা/ উভয়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | হিজড়া | মোট | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫(ক) | ৫(খ) | ৫(গ) | ৫(ঘ) (ক+খ+গ) | ৬ | |
| | | | | | | | | | |

**(মোঃ রশিদ মিয়া)**
সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-৩)